

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

গবেষণা অধিশাখা

www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮১৭.২০.০০১.২৪.৪৮

তারিখ: ৯ বৈশাখ ১৪৩১

২২ এপ্রিল ২০২৪

বিষয়: মন্ত্রিপরিষদ বিভাগের আওতায় ২০২৪-২৫ অর্থবছরে পরিচালনার লক্ষ্যে গবেষণা প্রস্তাব দাখিল সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের ২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব বাজেটের গবেষণা খাতের বরাদ্দ হতে গবেষণাকর্মে আগ্রহী মন্ত্রিপরিষদ বিভাগ, অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠ প্রশাসনের কর্মকর্তাগণকে (৯ম বা তদুর্ধ্ব গ্রেড) মন্ত্রিপরিষদ বিভাগের গবেষণা নির্দেশিকা, ২০১৭ (এপ্রিল, ২০২৪ পর্যন্ত সংশোধিত) অনুসরণে আগামী ২৩ মে ২০২৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর গবেষণা প্রস্তাব (সফট ও হার্ডকপি-০৩ সেট) দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। মন্ত্রিপরিষদ বিভাগের আওতায় পরিচালিত গবেষণা কার্যক্রমের জন্য গঠিত গবেষণা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০২৪-২৫ অর্থবছরের গবেষণার জন্য গৃহীত অগ্রাধিকার খাত ও বিষয়সমূহ নিম্নরূপ:

গবেষণা নির্দেশিকায় উল্লেখিত গবেষণার প্রধান ক্ষেত্র/বিষয়বস্তুসমূহ	ক্ষেত্রসমূহের অধীনে সম্ভাব্য গবেষণার বিষয়সমূহ
দেশের সমসাময়িক উন্নয়ন ও জনপ্রশাসন সম্পর্কিত বিষয়সমূহ	<ul style="list-style-type: none">ভিশন ২০৪১-এর লক্ষ্য অর্জনের জন্য সিভিল সার্ভিসের যোগ্যতা,ই-নথি বাস্তবায়নস্মার্ট জনপ্রশাসনউন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে মাঠ পর্যায়ে সমন্বয়উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে মাঠ প্রশাসনের ভূমিকা; ইত্যাদি
সুশাসন, প্রশাসনিক সংস্কার, নাগরিক সেবা ও উদ্ভাবন সংক্রান্ত	<ul style="list-style-type: none">সুশাসন অর্জনে জনসম্পৃক্ততার গুরুত্ব ও বৃদ্ধির উপায়সুশাসন অর্জনে সরকার কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন কার্যক্রমের (এপিএ, জিআরএস, সিটিজেন চার্টার, জাতীয় শুদ্ধাচার কৌশল)-এর প্রভাবতথ্য অধিকার আইনের বাস্তবতা এবং প্রায়োগিক সমস্যাস্মার্ট বাংলাদেশ গঠনে স্মার্ট সিটিজেন; ইত্যাদি
জনগুরুত্বপূর্ণ বিষয়সমূহ	<ul style="list-style-type: none">ভোক্তা অধিকারখাদ্য মূল্য নির্ধারণে মাধ্যমত্বভোগীর ভূমিকাভেজাল খাদ্য রোধে জনসচেতনতার গুরুত্বস্বাস্থ্য সেবা সম্পর্কিত বিষয়াদিনগরায়নের প্রভাব; ইত্যাদি
সরকারের গুরুত্বপূর্ণ অগ্রাধিকার উদ্যোগ, নীতি, পরিকল্পনা ও কর্মসূচি	<ul style="list-style-type: none">টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ও জনপ্রশাসনচতুর্থ শিল্প বিপ্লব; ইত্যাদি
উল্লিখিত সম্ভাব্য বিষয়সমূহ ছাড়াও প্রধান বিষয়বস্তুর আওতায় সংশ্লিষ্ট যেকোন বিষয়ে গবেষণা প্রস্তাব প্রেরণ করা যাবে।	

০৩। গবেষণার দল গঠন ও গবেষণা প্রস্তাব (নির্দেশিকার অনুচ্ছেদ ১০ অনুযায়ী) দাখিল ইত্যাদি ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের গবেষণা নির্দেশিকায় বর্ণিত নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে। তাছাড়া, গবেষণা দলে যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত গবেষণা বিষয়ে সম্পৃক্ততা রয়েছে এরূপ একজন শিক্ষককে অন্তর্ভুক্ত করতে হবে। গবেষণা দলে অন্তর্ভুক্তির জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের যোগ্যতা গবেষণা নির্দেশিকার ৭(খ) অনুচ্ছেদে বর্ণিত যোগ্যতা অনুযায়ী হতে হবে। গবেষণা নির্দেশিকা, ২০১৭ (এপ্রিল ২০২৪ পর্যন্ত সংশোধিত) মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের (www.cabinet.gov.bd) 'রিসার্চ কর্ণার' সেবা বক্স এবং 'নীতিমালা ও প্রকাশনা' সেবা বক্সের 'নীতিমালা' অংশে পাওয়া যাবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা ও অনুমোদনক্রমে গবেষণা প্রস্তাব আহ্বান সংক্রান্ত এ বিজ্ঞপ্তিটি জারি করা হলো।

সংযুক্তি: গবেষণা নির্দেশিকা, ২০১৭ (এপ্রিল, ২০২৪ পর্যন্ত সংশোধিত)



২৩-৪-২০২৪

মোঃ জালাল হাবিবুর রহমান

উপসচিব

ফোন: ৪১০৫০১২৭

ফ্যাক্স: ৯৫১৩৩০২

ইমেইল: re_sec@cabinet.gov.bd

বিতরণ :

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) বিভাগীয় কমিশনার (সকল)
- ৩) জেলা প্রশাসক (সকল)
- ৪) সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮১৭.২০.০০১.২৪.৪৮/১(৬)

তারিখ: ৯ বৈশাখ ১৪৩১

২২ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ (বিষয়টি মাঠ প্রশাসনে অবহিত করার অনুরোধসহ)
- ২) যুগ্মসচিব, প্রকল্প ও গবেষণা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)



২৩-৪-২০২৪

মোঃ জালাল হাবিবুর রহমান

উপসচিব